

২.৪ সিকস্তি জনিত ভূমি উন্নয়ন করের হার পুনঃনির্ধারণের আবেদন নিষ্পত্তি:

সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):

সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক আবেদনপ্রাপ্তির পর প্রতিবেদনের জন্য ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ করা হয়। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট হতে প্রতিবেদন প্রাপ্তির পর সহকারী কমিশনার (ভূমি) সংশ্লিষ্ট পক্ষকে নোটিশ প্রদানক্রমে শুনানি গ্রহণ করেন। প্রযোজ্য ক্ষেত্রে সার্ভেয়ারের প্রতিবেদন ও স্ক্যাচ ম্যাপ এবং দাখিলকৃত কাগজপত্রাদি পর্যালোচনা করে আবেদনপত্রটি নিষ্পত্তির আদেশ প্রদান করা হয়।

সেবা প্রাপ্তি সময়: সাধারণত ২৫-৩০ দিন

প্রয়োজনীয় ফি: ২০ টাকার কোর্ট ফি ব্যতিত অন্য কোন খরচ নাই

সেবা প্রাপ্তির স্থান: ১। উপজেলা/রাজস্ব সার্কেল ভূমি অফিস; ২। ইউনিয়ন ভূমি অফিস

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী: সহকারী কমিশনার (ভূমি)

প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। ২০ টাকার কোর্ট ফি সহ আবেদন;
- ২। জাতীয় পরিচয় পত্রের কপি;
- ৩। আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি;
- ৪। সিকস্তি জমির বর্তমান রঞ্জিন ছবি;
- ৫। দাবির/মালিকানার স্বপক্ষীয় কাগজপত্র

সেবা প্রাপ্তির শর্তাবলি:

দাবির স্বপক্ষে কাগজ সহ আবেদন দাখিল

সংশ্লিষ্ট আইন ও বিধি:

- ১। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০
- ২। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল ১৯৯০
- ৩। ভূমি উন্নয়ন কর অধ্যাদেশ ১৯৭৬

সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা: জেলা প্রশাসক

(নোট- নদী সিকস্তিজনিত কারণে জমি বিলিন হয়ে গেলে কানুনগো, সার্ভেয়ার ও সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার সম্মুখে গঠিত কমিটির মাধ্যমে উক্ত মৌজার ম্যাপের উপর AD লাইন টেনে যে পরিমান জমি নদী গর্ভে বিলিন হয়ে গেছে সেই জমির তালিকা তৈরি এবং মৌজা ম্যাপে স্বাক্ষর করতঃ ধার্যকৃত ভূমি উন্নয়ন করের দাবী পুনঃনির্ধারণ করে উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসকের কার্যালয় এবং বিভাগীয় কমিশনার অফিসকে অবহিত করতে হবে। মৌজা ম্যাপের অঙ্কনকৃত AD লাইনের ম্যাপ যথাযথ প্রক্রিয়ার সংরক্ষণ করতে হবে।)

সেবার নাম: সিকস্তিজনিত ভূমি উন্নয়ন করের হার পুনঃনির্ধারণের আবেদন নিষ্পত্তি

ধাপ সংখ্যা: ৯ টি
সম্পৃক্ত জনবল: ৩ জন
সময়: ২৫-৩০ কাহাদিবস



